

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ১৫/২০১৪

অভিযোগকারী : জনাব ইকবাল হোসেন ফোরকান

পিতা-মরহুম আলহাজ্ব এম এ ফাত্তাহ
৮/জি, কনকর্ড গ্র্যান্ড
১৬৯/১, শান্তি নগর
ঢাকা-১২১৭।

প্রতিপক্ষ : জনাব মোঃ মিজবাহ উদ্দিন মোল্লা

সহকারী সচিব

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার

পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ২৪-০৩-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব ইকবাল হোসেন ফোরকান ১৪-১১-২০১৩ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) বরাবরে নিম্নলিখিত তথ্য প্রাপ্তির আবেদন করেন -

- সমবায় অধিদপ্তরের নিবন্ধক এর আদেশ নং-২৫৩, তারিখঃ ২৬-০৮-২০১৩ ইং মাধ্যমে চন্দ্রদ্বীপ সমবায় সমিতি লিঃ এর নিবন্ধন বাতিল করার আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হয়ে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ১১৯(৪) বিধান মোতাবেক সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বরাবরে গত ০৪-০৯-২০১৩ তারিখে আপীল দায়ের করা হলে সচিব মহোদয় ০৬-১০-২০১৩ তারিখে দায়েরকৃত আপীলের শুনানী গ্রহণ করেন। উক্ত শুনানীঅন্তে সচিব মহোদয় কর্তৃক প্রদত্ত আদেশপত্রের কপি।

০২। নির্ধারিত সময়ের মধ্যে কোন তথ্য না পাওয়ায় অভিযোগকারী ১৫-১২-২০১৩ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে অভিযোগকারী ০৪-০২-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৩। বিষয়টি কমিশনের ০৬-০৩-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ২৪-০৩-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব ইকবাল হোসেন ফোরকান ও প্রতিপক্ষ জনাব মোঃ মিজবাহ উদ্দিন মোল্লা, সহকারী সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৫। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি তথ্য প্রাপ্তির আবেদনের কপি প্রাপ্ত হননি। সমন পাবার পর সংশ্লিষ্ট শাখায় খোঁজ নিয়ে জানতে পারেন যে, অভিযোগকারীকে ০৫-১১-২০১৩ তারিখে তার যাচিত তথ্য সরবরাহ করা হয়েছে। আজকেও তথ্য সাথে নিয়ে এসেছেন।

(অ: পৃ: দ্র:)

পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর বক্তব্য শ্রবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, সংশ্লিষ্ট শাখা হতে অভিযোগকারীকে পূর্বে তথ্য সরবরাহ করা হয়েছে। অভিযোগকারী তথ্য প্রাপ্ত না হওয়ায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য পুনরায় সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করার জন্য পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশনা প্রদান করা হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারি কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনাগুলো বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. সাদেকা হালিম)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(মোহাম্মদ আবু তাহের)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার